রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ
নিবন্ধন নং ০৯, তারিখ ০২/০৯/১৯৯৩
গ্রামঃ রায়গঞ্জ,পোস্টঃ রায়গঞ্জ,
উপজেলা ঃরায়গঞ্জ,জেলা সিরাজগঞ্জ।

স্থানঃ ইউবিসিসিএ লিঃ এর অফিস কক্ষ
তারিখঃ ২০/১২/২০২৩
সময়ঃ ১০ ঘটিকায়

এতদ্বারা রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর সকল সদস্য সমিতিকে জানানো যাচ্ছে যে, রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ,সিরাজগঞ্জ এর ব্যবস্থাপনা কমিটির বিগত-২৩-১১-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী-২৫-০১-২০২৪ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত বিরতীহীন ভাবে রায়গঞ্জ ইউসিসিএ লিঃ এর হ ল রুমে বিশেষ সাধারন সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৪ উপলক্ষে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনে সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত সমবায় সমিতি আইন/২০০২ ও ২০১৩) মোতাবেক রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর সমগ্র নির্বাচনী এলাকার বৈধ প্রতিনিধিদের ভোটে ০১ জন সভাপতি ও ০১ জন সহ-সভাপতি সমগ্র এলাকা হতে এবং ০৬টি নির্বচনী এলাকা হতে মোট ০৬ জন ব্যবস্থাপনা কমিটির সদস্য সহ সর্বমোট ০৮ জন নির্বাচিত হবেন। নির্বাচনে অংশ গ্রহনের নিমিত্তে প্রার্থীগনকে নির্ধারিত মনোনয়ন পত্র, সদস্য পরিচয় পত্র,ভোটার তালিকা ও নির্বাচন সংক্রান্ত প্রয়োজনীয় যে কোন তথ্যাদি রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় ও নির্বাচন কমিটি হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করতে হবে।

নির্বাচন কমিটির ২০-১২-২০২৩ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত সমবায় সমিতি আইন/২০০২ ও ২০১৩)এর ১৮(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী আগামী২৫-০১-২০২৪ ইং তারিখে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্তভাবে তফসীল ঘোষনা করা হলো।

| ক্রঃনং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র বিতরন | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ২৪/১২/২০২৩ হতে ২৬/১২/২০২৩ | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৪.০০ ঘটিকা পর্যন্ত |
| ০২ | মনোনয়ন পত্র দখিল/গ্রহন(নির্বাচন কমিটির নিকট) | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ২৭/১২/২০২৩ হতে ২৮/১২/২০২৩ | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৪.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৩ | মনোনয়ন পত্র বাছাই | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ৩১/১২/২০২৩ | সকাল ১১.০০ ঘটিকা হতে |
| ০৪ | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ। | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ০১/০১/২০২৪ | বাছাই সম্পন্ন হওয়ার পর। |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অর্ন্তভুক্ত কোন প্রার্থীর আবেদন(সমবায়সমিতি বিধি মালা/০৪ এর ২৯(১) বিধি মতে। | যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর,রাজশাহী বিভাগ,রাজশাহী মহোদয়ের কার্যালয়। | ০৩/০১/২০২৪ হতে ০৪/০১/২০২৪ | অফিস চলাকালীন সময়। |
| ০৬ | আপীল আবেদন পত্রে উপর শুনানী ও সিদ্ধান্ত গ্রহন(সমবায় সমিতি বিধি মালা/০৪ এর ২৯(২) বিধি মতে। | যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর,রাজশাহী বিভাগ,রাজশাহী মহোদয়ের কার্যালয়। | ০৭/০১/২০২৪ হতে ০৯/০১/২০২৪ | অফিস চলাকালীন সময়। |
| ০৭ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ। | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ১১/০১/২০২৪ | দুপুর ১২.০০ ঘটিকায় |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহার | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ১৪/০১/২০২৪ | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৪০০ ঘটিকা পর্যন্ত |
| ০৯ | চুড়ান্ত ভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ১৫/০১/২০২৪ | সকাল ১০.০০ ঘটিকা |
| ১০ | প্রতিদ্বন্দ্বি বৈধ প্রার্থীর মধ্যে প্রতীক বরাদ্দ ও তালিকা প্রকাশ। | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ১৬/০১/২০২৪ | দুপুর ১২০০ ঘটিকায় |
| ১১ | ভোট গ্রহন | রায়গঞ্জ ইউসিসিএ লিঃ এর হলরুম। | ২৫/০১/২০২৪ | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৩.০০ ঘটিকা পর্যন্ত বিরতীহীন ভাবে। |
| ১২ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষনা। | রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয় | ২৫/০১/২০২৪ | ভোট গণনা শেষে। |

# নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়

১.প্রার্থীর মনোনয়ন পত্র গ্রহন, বৈধ ও বাতিলকৃত প্রার্থীর তালিকা প্রকাশ এবং প্রার্থীতা প্রত্যাহার, প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে প্রতীক বাছাই ও নির্বাচন অনুষ্ঠানের যাবতীয় কাজ রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২.অত্র সমিতির নির্বাচন আগামী ২৫-০১-২০২৪ ইং তারিখে সকাল ১০,০০ঘটিকা হতে বেলা ৩,০০ ঘটিকা পর্যন্ত বিরতীহীন ভাবে সমিতির বিশেষ সাধারন সভায় রায়গঞ্জ ইউসিসিএ লিঃ এর কার্যালয়ের হলরুমে অনুষ্ঠিত হবে।

৩. রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর কার্যালয়ে ২৫-০১-২০২৪ ইং তারিখে অনুষ্টিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি,সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিনিধিকে ক্ষমতা প্রদান করতে হবে।উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি(উপ-প্রকল্প কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) মনোনয়ন পত্রের সহিত সংযুক্ত করতে হবেএবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতি স্বাক্ষরিত হতে হবে।

০৪.সমিতি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট নির্ধারিত ছকে পরিচয় পত্র থাকতে হবে।পরিচয় পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে উহাতে সমিতির সীল মোহর থাকতে হবে।

০৫.মনোনয়ন পত্র নির্ভুলভাবে পুরন করতঃ তফসীল মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে সরাসরি বা প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

০৬. মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর সংশ্লিষ্ট সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথ ভাবে সত্যায়িত হতে হবে এবং তাহাতে সমিতির সীল মোহর থাকতে হবে।সত্যায়িত স্বাক্ষরজেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৭.অসম্পুর্ন,ঘষামাজা,ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত সমবায় সমিতি আইন,২০০২ ও ২০১৩) এবংসমবায় সমিতি বিধিমালা/২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলিয়া গণ্য হবে।

০৮.নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত সমবায় সমিতি আইন,২০০২ ও ২০১৩) এবংসমবায় সমিতি বিধিমালা/২০০৪ সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরন করে পরিচালিত হবে।

০৯. সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত সমবায় সমিতি আইন,২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এবং উপ আইনে বর্নিত বিধান অনুযায়ী প্রার্থীর অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।

১০.নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১.অত্র সমিতির ব্যবস্থাপনা কমিটির পদ বিন্যাস হবে নিম্নরুপঃ

(ক)সভাপতি-০১ জন।

(খ)সহ-সভাপতি-০১ জন।

(গ) ব্যবস্থাপনা কমিটির সদস্য-০৬ জন।

বিঃদ্রঃ ব্যবস্থাপনা কমিটির সদস্যগন সমগ্র নির্বাচনী এলাকার বৈধ ভোটারের সর্বাধিক প্রাপ্ত ভোটের ভিত্তিতে নির্বাচিত হবেন। ব্যবস্থাপনা কমিটির সদস্যগনের মধ্যে সভাপতি ও সহ-সভাপতি সমগ্র নির্বাচনী এলাকার বৈধ ভোটারের ভোটে এবং সদস্যগন ০৬টি নির্বাচনী অঞ্চল থেকে নিজ নিজ অঞ্চলের ভোটারের সর্বাধিক ভোটে নির্বচিত হবেন।

১২.নির্বাচনী এলাকা প্রসংগেঃ- রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের আলোকে নির্বাচনী এলাকা বিভক্তি ও সরবরাহ ইতিপূর্বে করা হয়েছে এবং সে অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।

১৩.ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতা(ধারা-১৯)ঃ- ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে নির্বাচিত হবার বা সদস্য পদে বহাল থাকবার যোগ্য হবেন না যদি নিম্নবর্নিত যে কোন অবস্থা তাহার ক্ষেত্রে প্রযোয্য হয়।

(ক)২১(একুশ) বছর বয়স্ক না হোন।

(খ)কোন ফৌজদারী অপরাধের কারনে দোষী সাব্যস্থ হয়ে ০২ বছর বা ততোদিক মেয়াদের জন্য কারাদন্ডে দন্ডিত হয়ে থাকেন এবং কারাভোগের পর ৫ বছর সময় অতিবাহিত না হয়।

(গ) কোন সমবায় সমিতি বা কোন ব্যাংক বা কোন আর্থিক প্রতিষ্টানের নিকট ঋন,অগ্রিম,গৃহীত পন্যের মুল্য বা অন্য যে কোন পাওনা বা পাওনার কিস্তির পরিশোধের ক্ষেত্রে খেলাপী হিসাবে চিহ্নিত হন।

ঘ) ব্যবস্থাপনা কমিটির বা কোন সদস্যের অধীনে বা সমিতির অধীনে বেতনভোগী কর্মচারী হন বা সমিতির আওতাধীন কোন লাভজনক পদে অধিষ্টিত হন।

ঙ) সমিতির কোন কাজের ঠিকাদার হন বা লাভজনক ভাবে সমিতিকে কোন সামগ্রী সরবরাহ করেন।

(চ)যথাপোযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিস্থ ঘোষিত হন।

(ছ)কোন প্রার্থী উক্ত নির্বাচন অনুষ্টানের পূর্ববর্তীতে ৩ বছর যাবৎ অব্যাহত ভাবে সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির সদস্য না থাকেন এবং এই ৩ বছর অনুষ্টিত বার্ষিক সাধারন সভার মধ্যে অন্যূন্য ২টি সভায় উপস্থিত না থাকেন।

(জ)তিনি সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতি বা কেন্দ্রীয় সমবায় সমিতির পাওনা পরিশোধের ক্ষেত্রে উক্ত সমিতি কর্তৃক খেলাপী হিসাবে চিহ্নিত হন।

(ঝ)তিনি যে সমিতির প্রতিনিধি হিসাবে নির্বাচনে অংশ গ্রহনে ইচ্ছা প্রকাশ করেন সেই সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক লিখিত ভাবে ক্ষমতা প্রাপ্ত না হন।

(ঞ)নির্বাচন অনুষ্টানের তারিখ পর্যন্ত অব্যাহত ভাবে অন্তত ১২ মাস ব্যাপি সমিতির সদস্য হিসাবে বহাল না থাকেন।

(ট) ঋন খেলাপী, সমবায় উন্নয়ন তহবিল(সিডিএফ),অডিট সেস বকেয়া থাকলে উক্ত সমিতি ব্যবস্থাপনা কমিটিতে নির্বাচন অনুষ্টানে অযোগ্য বলে বিবেচিত হবেন।

(ঠ) ইতিপুর্বে কোন প্রার্থী যে প্রাথমিক সমবায় সমিতির প্রতিনিধি হিসাবে কোন ব্যাক্তি কেন্দ্রীয় বা জাতীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ১(এক) বার প্রার্থী হলে পরবর্তী তে প্রথমোক্ত সমিতির প্রতিনিধি ব্যতিত অন্য কোন সমিতির প্রতিনিধি হিসেবে উল্লেখিত কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশ গ্রহন করতে পারবেন না(বিধি-২৪(২)।

(ড) ঋন খেলাপী সদস্য সমিতির খেলাপী ঋনের ৭৫% মনোনয়ন পত্র দাখিলের পুর্বে পরিশোধ না করা পর্যন্ত এবং নির্বাচন অনুষ্টানের পুর্ববর্তী ২ বছরের বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর হিসাবে বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিল হয়েছে এই ধরনের সদস্য সমিতির কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশ গ্রহন কিংবা অংশ গ্রহনের নিমিত্তে প্রতিনিধি ম
নোনয়ন করতে পারবে না। বিধি-২৪(৪)।

(ঢ)নির্বাচন কমিটির কোন সদস্য সংশ্লিষ্ট নির্বাচনের প্রার্থী হতে পারবেন না বিধি-২৪(৫)।

(ণ) যে সকল প্রার্থী ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য হিসাবে একাধিকক্রমে ৩টি মেয়াদ পুর্ন করেছেন এমন কোন সদস্য উক্ত নির্বাচনে প্রার্থী হবার যোগ্য হবেন না।ধারা-১৮(৮)।

(ত)একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বহিঃর্ভত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন না।

(থ)এ ছাড়া ভোট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিনিধিকেসমবায় সমিতি বিধিমালা /২০০৪ এর৮৭ ও ৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

১৪.<u>মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত কাগজপত্রাদিঃ-</u>

(ক)মনোনয়ন সংক্রান্ত সমিতির সিদ্ধান্তের সত্যায়িত ও প্রতিস্বাক্ষরিত অনুলিপি সংযোজন করতে হবে।

(খ)পরিচয় পত্রের কপি সংযোযন করতে হবে এবং মনোনয়ন পত্রের চাহিদা ছক মোতাবেক সকল তথ্যও প্রতীকের নাম উল্লেখ করতে হবে।

(গ) প্রার্থী যে প্রাথমিক সমিতি হতে নির্বাচনে অংশ গ্রহন করতে ইচ্ছুক সে সমিতি কার্যক্রম এবং ঋন খেলাপী নহে মর্মে রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ কর্তৃক প্রত্যায়ন পত্র সংযুক্ত করতে হবে।

১৫.মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখে নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

(ক)প্রাথমিক সমিতির সভ্য তালিকা বহি।

(খ) প্রাথমিক সমিতির বার্ষিক সাধারন সভার রেজিষ্টার।

১৬.প্রার্থীগনের বরাদ্দকৃত প্রতীক সমুহঃ-

(ক)সভাপতি পদেও জন্যঃ- চেয়ার, আম, গোলাপ ফুল ও মই।

(খ)সহ-সভাপতির জন্য- বই, তলোয়ার,হাতুরি ও আনারস।

(গ)সদস্য পদের জন্য-মাছ,মোমবাতি,কুড়াল,টেবিল,সাইকেল,হাতি,বাঘ, হারিকেন,কাঠাল,মাইকও মোরগ।

উপরোক্ত বিষয় সমুহ সকলের জ্ঞাতার্থে প্রকাশ করার জন্য সভাপতি সাহেবকে অনুরোধ জানান হলো।

১৭.নিম্নোক্ত হারে নির্ধারিত মুল্য প্রদান সাপেক্ষে মনোনয়ন পত্র ও ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।

| ক্রঃ নং | পদের নাম | মনোনয়ন পত্র ফরমের মুল্য |
|---|---|---|
| ০১ | সভাপতি পদের জন্য | ২০০০/ |
| ০২ | সহ-সভাপতি পদের জন্য | ৭০০/ |
| ০৩ | সদস্য পদের জন্য | ৫০০/ |

উল্লেখ্য যে,প্রত্যেক প্রতিদ্বন্দ্বি প্রার্থীকেমনোনয়ন পত্র সংগ্রহের প্রাপ্ত রশিদেও মূল কপি মনোনয়ন পত্রের সহিত সংযুক্ত করতে হবে। বিক্রয়কৃত মনোনয়ন পত্র পরিশোধিত টাকা অফেরৎযোগ্য।

অতএব,অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোছাঃ পারভীন খাতুন
সদস্য
নির্বাচন কমিটি/২০২৪
রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ
ও
সভাপতি
পূর্বলক্ষীকোলা দক্ষিন পাড়া এমবিএসএস লিঃ
রায়গঞ্জ,সিরাজগঞ্জ

মোঃ আঃ হান্নান মিয়া
সদস্য
নির্বাচন কমিটি/২০২৪
রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ
ও
মাঠ সংগঠক
রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ
রায়গঞ্জ,সিরাজগঞ্জ

২০/১২/২৩
মোঃ দেলোয়ার হোসেন
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৪
রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় অফিস
রায়গঞ্জ,সিরাজগঞ্জ

স্মারক নং- ৪৭.৬২.৮৮.৬১.৮৫৩.০৬. ০৩৬.১৬.১৬০ তারিখঃ ২০-১২-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ( জ্যোষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. সভাপতি/ম্যানেজার............................................(সকল) বিএসএস/এমবিএসএস,রায়গঞ্জ,সিরাজগঞ্জ।
০২. সভাপতি, রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ, রায়গঞ্জ,সিরাজগঞ্জ।
০৩. সচিব/উপজেলা প্রকল্প কর্মকর্তা, রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ, রায়গঞ্জ,সিরাজগঞ্জ।
০৪. উপজেলা সমবায় কর্মকর্তা, রায়গঞ্জ,সিরাজগঞ্জ।
০৫. জেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ।
০৬. উপ-পরিচালক ,বাপউবো , সিরাজগঞ্জ।
০৭. যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী বিভাগ,রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮. নোটিশ বোর্ড।
০৯. অফিস নথি।

২০/১২/২৩
মোঃ দেলোয়ার হোসেন
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৪
রায়গঞ্জ ইউবিসিসিএ লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় অফিস
রায়গঞ্জ,সিরাজগঞ্জ